শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www. doe.gov.bd

স্মারক নং- ২২.০২.০০০০.০২৬.৬৩.০০৩.২৩-৬৬

১৮/১২/১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ---------------------
০১ /০৪/২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ বায়ুদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত জাতীয় কমিটির ২য় সভার সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বায়ুদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত জাতীয় কমিটির ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বায়ুদূষণ প্রতিরোধে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের আওতাধীন এলাকায় ময়লা-আবর্জনা, পৌরবর্জ্য, গাছের লতাপাতা এবং বায়োমাস উন্মুক্তভাবে পোড়ানো নিষিদ্ধ করে প্রজ্ঞাপন জারী করা হয়েছে। একই সাথে জৈব আবর্জনা, গাছের লতাপাতা এবং বায়োমাস না পুড়িয়ে নির্দিষ্ট স্থানে গর্তের মধ্যে সংরক্ষণ করে জৈব সার বা কম্পোস্ট তৈরী করার পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।

০২। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রজ্ঞাপনের কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন।

০১/০৪/২০২৪

**(মো: জিয়াউল হক)**
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ফোন: ০২২২২২১৮৩৮৬

**বিতরণ:**

১। পরিচালক, ঢাকা অঞ্চল/ঢাকা গবেষণাগার/ঢাকা মহানগর/চট্রগ্রাম অঞ্চল/চট্রগ্রাম মহানগর/ চট্রগ্রাম গবেষণাগার/রাজশাহী বিভাগ/খুলনা বিভাগ/বরিশাল বিভাগ/সিলেট বিভাগ/ময়মনসিংহ বিভাগ/রংপুর বিভাগ, পরিবেশ অধিদপ্তর।
২। উপপরিচালক/সহকারী পরিচালক/সিনিয়র কেমিস্ট, পরিবেশ অধিদপ্তর, সকল জেলা কার্যালয়।

**অনুলিপি: সদয় অবগতির জন্য-**

১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০১.২৩-৮৮

তারিখ: ১৭ মাঘ ১৪৩০ / ৩১ জানুয়ারি ২০২৪

**প্রজ্ঞাপন**

বায়ুদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত জাতীয় কমিটির সিদ্ধান্তের আলোকে বায়ুদূষণ প্রতিরোধে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের আওতাধীন এলাকায় ময়লা-আবর্জনা, পৌরবর্জ্য, গাছের লতাপাতা এবং বায়োমাস উন্মুক্তভাবে পোড়ানো নিষিদ্ধ করা হলো। জৈব আবর্জনা, গাছের লতাপাতা এবং বায়োমাস না পুড়িয়ে নির্দিষ্ট স্থানে গর্তের মধ্যে সংরক্ষণ করে জৈব সার বা কম্পোস্ট তৈরী করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

২। এ নির্দেশনা অমান্য করা হলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে জবাবদিহির আওতায় আনা হবে।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩১/১/২৪

মুহম্মদ ইব্রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০১.২৩-৮৮(১/৫০)

তারিখ: ১৭ মাঘ ১৪৩০ / ৩১ জানুয়ারি ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১-১৯। সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/বিদ্যুৎ বিভাগ/নৌপরিবহন মন্ত্রণালয়/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/প্রতিরক্ষা মন্ত্রণালয়/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/শিল্প মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। } **তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধান/সংশ্লিষ্ট কর্মকর্তাকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ।**

২০। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২১। বিভাগীয় কমিশনার .................. বিভাগ (সকল)।
২২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ...................... সিটি কর্পোরেশন (সকল)।
২৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা/খুলনা ওয়াসা।
২৪। জেলা প্রশাসক, ............... জেলা (সকল)।
২৫। পুলিশ সুপার, ................... জেলা (সকল)।
২৬। মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা, .................... পৌরসভা (সকল)।
২৭। চেয়ারম্যান, ................. উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ (সকল)।

জরুরী/অতিজরুরী
আলোচনা করুন/
মতামতসহ নথিতে পেশ করুন
উপ-পরিচালক- ১ / ২
সহকারী পরিচালক- ১ / ২
সিনিয়র কেমিস্ট
পরিদর্শক / জুনিয়র কেমিস্ট
পি এ / ডাটা এন্ট্রি অপারেটর

**অনুলিপি-সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩১/১/২০২৪

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব